৮০

দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 JUL 1997
পৃষ্ঠা 7 কলাম 2

# এবারের মাধ্যমিকে ক্যাডেট কলেজগুলোর জয়জয়কার ॥ আইডিয়াল স্কুল কলেজের ফলও ভাল

জনকণ্ঠ রিপোর্ট

এবারের এসএসসি পরীক্ষায় দেখা গেছে ক্যাডেট কলেজগুলোর জয়জয়কার। মোট এক শ' সতেরো জন ক্যাডেট জায়গা করে নিয়েছে সম্মিলিত মেধা তালিকায়। পাঁচ বোর্ডের সম্মিলিত মেধা তালিকার শীর্ষ স্থান লাভকারী ১১ জনের মধ্যে ৫ জনই কোন না কোন ক্যাডেট কলেজের।

পাঁচ বোর্ডের সাধারণ বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান—এই দুই বিভাগের সম্মিলিত মেধা তালিকার দু'শ'টি স্থানে

(১৫ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## এবারের মাধ্যমিক

(প্রথম পাতার পর)

নাম লিখাতে সক্ষম হয়েছে মোট তিন শ' ১২ ছাত্র-ছাত্রী। এদের মধ্যে ছাত্রের সংখ্যা দু'শ' ২৯ জন, শতকরা হিসাবে ৭৩ দশমিক ৪ ভাগ। আর দু'শ' ২৯ জন ছাত্রের মধ্যে অর্ধেকেরও বেশি এসেছে ক্যাডেট কলেজ থেকে। ক্যাডেট কলেজগুলোর মধ্যে সবচেয়ে ভাল রেজাল্ট করেছে মির্জাপুর ও রংপুর ক্যাডেট কলেজের ছাত্ররা। এ দু'টি প্রতিষ্ঠান থেকে ২১ জন করে ছাত্র মেধা তালিকায় স্থান পেয়েছে। অন্য ক্যাডেট কলেজসমূহের মধ্যে কুমিল্লা ক্যাডেট কলেজের ২০ জন, ঝিনাইদহ ক্যাডেট কলেজের ১৬ জন, বরিশাল ক্যাডেট কলেজের ১৩ জন এবং সিলেট ক্যাডেট কলেজের ১১ জন মেধা তালিকায় স্থান পেয়েছে। ক্যাডেট কলেজের ছাত্ররা সামাজিক বিজ্ঞানের চেয়ে ভাল করেছে সাধারণ বিজ্ঞান বিভাগে।

ক্যাডেট কলেজ ছাড়া দেশের অন্য স্কুলগুলোর মধ্যে ভাল করেছে ঢাকার আইডিয়াল স্কুল ও কলেজ এবং চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। আইডিয়াল স্কুল থেকে ১৭ জন এবং চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের ১১ জন মেধা তালিকায় জায়গা করে নিয়েছে। খ্যাতিমান অন্য স্কুলগুলোর মধ্যে ঢাকার হলিক্রস কলেজের ৮ জন, ভিকারুন্নিসা নুন স্কুলের ৭ জন এবং গভঃ ল্যাবঃ স্কুলের ৫ জন ছাত্র-ছাত্রী মেধা তালিকায় স্থান পেয়েছে।

এবারের এসএসসি পরীক্ষায় একটি লক্ষণীয় দিক ছিল বিজ্ঞান বিভাগে ছাত্র-ছাত্রী হ্রাসের ঘটনা। গত কয়েক বছর ধরেই এ প্রবণতা দেখা যাচ্ছিল। এবছর তা আরও প্রকট রূপ ধারণ করেছে। কিন্তু এর বিপরীতে দেখা গেছে এই বিজ্ঞান বিভাগেই পাসের হার তুলনামূলকভাবে অনেক বেশি।

### রাজশাহী বোর্ডে মেয়েরাই এগিয়ে

এবার রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফলে মেয়েরাই এগিয়ে রয়েছে। বিজ্ঞান বিভাগে পুরুষ পরীক্ষার্থীর পাসের হার শতকরা ৬৯ দশমিক ৮৫ ভাগ; সেখানে মেয়েদের পাসের হার শতকরা ৭৩ দশমিক ১৮ ভাগ। অর্থাৎ মেয়েরা ৩ দশমিক ৩৩ শতাংশ এগিয়ে। সামাজিক বিজ্ঞান বিভাগেও মেয়েরা শতকরা ৩ দশমিক ৪৭ ভাগ এগিয়ে রয়েছে। এ বিভাগে মেয়েদের পাসের হার যেখানে শতকরা ৪১ দশমিক ২৮ ভাগ, সেখানে পুরুষদের পাসের হার শতকরা ৩৭ দশমিক ৮২ ভাগ।

### রংপুর শীর্ষে

এবার এসএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ডের মেধা তালিকায় শীর্ষে অবস্থান করছে রংপুর ক্যাডেট কলেজ। মেধা তালিকার প্রথম ২০টি স্থানকে ছিনিয়ে নেয়ার জন্য এতই প্রতিযোগিতা হয়েছে যে সর্বোচ্চ স্থান থেকে কয়েকটি স্থান অধিকার করেছে দুই/তিন জন করে। রংপুরকে আরও সম্মানজনক অবস্থানে পৌঁছে দিতে মেধা তালিকার স্থান ঘাটতি পূরণ করেছে রংপুর জেলা স্কুল ও রংপুর ক্যান্ট পাবলিক স্কুল ও কলেজ। মেধা তালিকায় দেখা যাচ্ছে ৯০০ নম্বর পেয়ে রাজশাহী বোর্ডে শীর্ষে রয়েছে অর্থাৎ প্রথম স্থান পেয়েছে যৌথভাবে রংপুর ক্যাডেট কলেজেরই দু'জন। এছাড়াও রংপুর ক্যাডেট কলেজ ২০টি স্থানের মধ্যে পেয়েছে ১৩টি স্থান। এগুলো হলো তৃতীয় স্থান, চতুর্থ স্থান, পঞ্চম স্থান (দু'জন), ষষ্ঠ স্থান (দু'জন) সপ্তম স্থান (৩ জন), অষ্টম স্থান (দু'জন), দশম স্থান, একাদশ স্থান, ত্রয়োদশ স্থান (দু'জন), চতুর্দশ স্থান, পঞ্চদশ স্থান ও ১৯তম স্থান।

এছাড়াও রংপুরকে সম্মানজনক আসনে নিয়ে যেতে মেধা তালিকায় দ্বিতীয় স্থান পেয়েছে রংপুর ক্যান্ট স্কুল। দ্বাদশ স্থান, ১৬তম স্থান ও ২০তম স্থান পেয়েছে রংপুর জেলা স্কুল। মেধা তালিকার (সাধারণ বিজ্ঞান) ২০টি স্থান বিশ্লেষণ করে দেখা যাচ্ছে ১৭টিই গেছে রংপুরের ঘরে। যার ১৩টিই রংপুর ক্যাডেট কলেজ।

### যশোর বোর্ডে বরিশাল ক্যাডেট কলেজ এগিয়ে

যশোর বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফলে এবার চমৎকার সাফল্য দেখিয়েছে বরিশাল ক্যাডেট কলেজ। বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় দ্বিতীয় স্থানসহ ১০ জন স্থান করে নিয়েছে। অপরদিকে সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম, তৃতীয় এবং চতুর্থ স্থানটিও এ কলেজের ছাত্ররা দখল করেছে। উল্লেখ করা যেতে পারে, সমাজ বিজ্ঞান বিভাগে ঐ কলেজ থেকে এ তিনজনই পরীক্ষায় অংশ নিয়েছিল। ক্যাডেট কলেজ থেকে প্রাপ্ত তথ্যে জানা গেছে, বিজ্ঞান বিভাগে এ বছর ৫২ জন পরীক্ষা দিয়েছে। এর মধ্যে ১০ জনই মেধা তালিকায় স্থান পেয়েছে। দ্বিতীয় স্থান ছাড়াও ১০ম, ১২তম, যুগ্মভাবে ১৩তম ২ জন, ১৪তম, ১৭তম, ১৯তম এবং যুগ্মভাবে ২০তম ২ জন লাভ করেছে। বাকিরা সবাই প্রথম বিভাগ ও স্টারমার্কস পেয়েছে।